

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
প্লট ই-১৩/বি, আগারগাঁও,  
শেরে বাংলাদেশ, ঢাকা-১২০৭।

স্মারক নং-০৩.০৯.২৬৬৬.৬৫৭.৬৯.২৬.২০১৮-২২১৪

তারিখঃ ০৩.০৯.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ২৫ আগস্ট ২০১৯ তারিখ রোহিঙ্গা ক্যাম্প সমাবেশ আয়োজনের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা প্রদান।

সূত্রঃ জেলা প্রশাসক কক্সবাজার এর স্মারক নং- ০৫.২০.২২০০.১২৭.১০.১৯৫.২০১৯-৮৫৬ তারিখঃ ৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, **Voice of Rohingya, Rohingya Refugee Committee (RRC)** এবং **ARSPH (Arakan Rohingya Society for Peace and Human Rights)** কর্তৃক ক্যাম্প-৪ই -এ আয়োজিত গত ২৫/৮/২০১৯ তারিখের সমাবেশে তাঁর সংস্থা কর্তৃক টি-শার্ট তৈরীতে সহযোগিতার অভিযোগ প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তাঁর সংস্থার বিরুদ্ধে “বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬” এর ১৪ ও ১৫ ধারা মোতাবেক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হলোঃ

- ক) তাঁর সংস্থার রোহিঙ্গা ক্যাম্পসহ কক্সবাজার জেলার সকল কার্যক্রম বন্ধ করা হলো।
- খ) সংস্থার সকল প্রকার ব্যাংকিং কার্যক্রম বন্ধ করা হলো; সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।
- খ) সংস্থা ইতোপূর্বে বাস্তবায়িত সকল প্রকল্পের (প্রকল্প ওয়ারী) হালনাগাদ বিবরণী আগামী ০৭ কর্মদিবসের মধ্যে দাখিল করবেন।
- গ) পত্রে বর্ণিত অভিযোগের বিষয়ে সংস্থা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সন্তোষজনক জবাব দাখিল করবেন। অন্যথায় বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ১৪ এবং ১৫ ধারা মোতাবেক সংস্থার নিবন্ধন বাতিলের প্রক্রিয়া গ্রহণ করা হবে।

শীলু রায় ০৩/০৯/১৯

সিনিয়র সহকারী সচিব  
এসআইনমন্ট অফিসার-২  
ফোনঃ ৫৫০০৭৩৯৪  
ao2@ngoab.gov.bd

চেয়ারম্যান

আল-মারকাজুল ইসলামী

২১/১৭, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
- ০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৬। ম্যানেজার, সোনালী ব্যাংক, কলেজ গेट শাখা, মোহাম্মদপুর, ঢাকা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। পরিচালক (নিবন্ধন ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অফিস কপি।